



# প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি কী?

স্বাস্থ্য প্রসবের পর এক বছরের মধ্যে কোন পরিবার  
পরিকল্পনা পদ্ধতি গ্রহণ এবং ব্যবহার করাই হলো  
প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা



## প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে

- অপরিকল্পিত গর্ভধারণের ঝুঁকি থাকে না
- মা তার শিশুর যত্ন সঠিকভাবে নিতে  
পারে
- মা যথাযথ বিরতি দিয়ে পরবর্তী  
গর্ভধারণের জন্য সঠিক  
পরিকল্পনা করতে  
পারে

## গর্ভকালীন সময়ে করণীয়

- গর্ভকালীন সময়ে কম পক্ষে 4 বার  
স্বাস্থ্যকেন্দ্রে গিয়ে সেবা নেয়া
- প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা  
পদ্ধতি সম্পর্কে পরামর্শ ও  
সিদ্ধান্ত নেয়া



স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



পরিবার পরিকল্পনা অধিদপ্তর

# প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা



পরিবার পরিকল্পনা বিষয়ে কিছু  
ভুল ধারণা রয়েছে যেমন:

- ▷ আইইউডি এবং ইমপ্ল্যান্ট শরীরের বিভিন্ন অংশে ঘুরে  
বেড়ায়
  - ▷ এনএসভি বা টিউবেকটমি করলে ঘোনমিলন বা  
সহবাসের ক্ষমতা বা শারীরিক ক্ষমতা নষ্ট হয়
  - ▷ পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহারে গর্ভধারণ  
প্রতিরোধ করে কিন্তু সত্তান নষ্ট করা হয়
- ▷ উপরের ধারণাগুলো একেবারেই সঠিক নয়

## পুরুষের অংশগ্রহণ

- ▷ সত্তান প্রসবের পর কমপক্ষে ২ বছরের মধ্যে  
গর্ভবতী হওয়া থেকে বিরত থাকার সিদ্ধান্ত  
গ্রহণে স্ত্রীকে সহায়তা করা
- ▷ পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার বিষয়ে স্ত্রীর  
সাথে আলোচনা করা
- ▷ নিজে অথবা স্ত্রী পরিবার পরিকল্পনা পদ্ধতি  
ব্যবহার করা
- ▷ স্ত্রীর পদ্ধতি ব্যবহারে কোন পার্শ্বপ্রতিক্রিয়া বা  
জটিলতা দেখা দিলে দ্রুত সেবা কেন্দ্রে নিয়ে  
যাওয়ার ব্যবস্থা করা



প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ  
নিশ্চিত করে সুস্থ-সুন্দর পারিবারিক বন্ধন

## পরিবার পরিকল্পনা, মা-শিশু কৈশোরকালীন স্বাস্থ্য তথ্য ও সেবা প্রাপ্তির স্থানসমূহ:

- পরিবার কল্যাণ সহকারী (FWA)
- কমিউনিটি ক্লিনিক
- স্যাটেলাইট ক্লিনিক
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC)
- উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
- মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC)
- কল সেন্টার: সুখী পরিবার ১৬৭৬৭
- জেলা সদর হাসপাতাল
- মোহাম্মদপুর ফার্মিলিটি সার্ভিসেস এন্ড ট্রেনিং সেন্টার, ঢাকা
- আজিমপুর মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ঢাকা
- বেসরকারি/ এনজিও ক্লিনিক
- অডিও ভিজ্যুয়াল শো/ চলচিত্র প্রদর্শনী
- সরকারি-বেসরকারি টিভি/রেডিও চ্যানেলের  
বিভিন্ন অনুষ্ঠান ও বিজ্ঞাপন